

চেটী—প্রেক্ষতাং প্রেক্ষতাং ভর্তৃদারিকা এতাং কোকনদমালা-পাণ্ডুর-রমণীয়াং সারসপঙ্ক্তিং যাবৎ সমাহিতাং গচ্ছন্তীম্। অহো ভর্তা!

চেটী—দেখুন, দেখুন দিদিমণি! শ্বেতপদ্মের মালার মত পাণ্ডুবর্ণে রমণীয় সারসের একটা দল কেমন সার বেঁধে (উড়ে) চলেছে। আরে! প্রভু যে!

পদ্মাবতী—হম্, আর্যপুত্রঃ। আর্যে! তব কারণদার্যপুত্রদর্শনং পরিহরামি। তদিমং তাবৎ মাধবীলতামগু পং প্রবিশামঃ।

পদ্মাবতী—হঁ, স্বামী। দিদি (আর্যা), তোমার জন্য স্বামীর দর্শন পরিহার করছি। তাই এই মাধবীলতার কুঞ্জে আমরা প্রবেশ করি।

বাসবদত্তা—এবং ভবতু। (তথা কুবন্তি)

বাসবদত্তা—তাই হোক। (তাই করলেন)

বিদূষক—তত্রভবতী পদ্মাবতী ইহাগত্য নির্গতা ভবেৎ।

বিদূষক—মাননীয়া পদ্মাবতী এখানে এসে আবার চলে গেছেন মনে হচ্ছে।

রাজা—কথং ভবান্ জানাতি?

রাজা—তুমি কেমন করে জানলে?

বিদূষক—ইমান্ অপচিতকুসুমান্ শেফালিকাগুচ্ছকান্ প্রেক্ষতাং তাবদ্ ভবান্।

বিদূষক—এই যে শেফালিকাগুচ্ছগুলি থেকে ফুল তোলা হয়েছে। আপনি একবার দেখুন না!

রাজা—(পাঠান্তর) [পাদাক্রান্তানি পুষ্পানি সোদ্রা চেদং শিলাতলম্।

← নুনং কাচিদিহসীনা মাং দৃষ্ট্বা সহসা গতা।।]

অহো বিচিত্রতা কুসুমস্যা, বসন্তক!

রাজা—(পাঠান্তর) [ফুলগুলি হয়েছে পদতলে দলিত; এই শিলাতলটি বেশ উষ্ণ রয়েছে। নিশ্চয়ই কোন নারী এখানে বসেছিল, আমাকে দেখে হঠাৎ চলে গেছে।]

আহা! ফুলগুলির কি বিচিত্রতা, বসন্তক!

বাসবদত্তা—(আত্মগতম্) বসন্তক-সংকীর্তনে অহং পুনর্জানামি উজ্জয়িন্যাং বর্তে ইতি।

বাসবদত্তা—(মনে মনে) 'বসন্তক' নামটি শুনে আমার আবার মনে হচ্ছে যেন উজ্জয়িনীতে

আছি।

রাজা—বসন্তক! অস্মিন্বেবাসীনৌ শিলাতলে পদ্মাবতীং প্রতীক্ষিষ্যাবহে।

রাজা—বসন্তক! এই শিলাতলে বসেই আমরা দুজনে পদ্মাবতীর প্রতীক্ষা করি।

বিদূষক—ভোঃ, তথা। (উপবিশ্যোথায়) স্বী স্বী! শরৎকালতীক্ষ্ণা দুঃসহ আতপঃ।

তদিমং তাবন্মাধবীমগু পং প্রবিশাবঃ।

বিদূষক—তাই হোক। (বসে আবার উঠে পড়ে) আঃ! শরৎকালের তীক্ষ্ণ রোদ বড় অসহ্য!

আমরা (দুজনে) বরং এই মাধবীমগুপে প্রবেশ করি।

রাজা—বাচম্। গচ্ছাগ্রত।

রাজা—ঠিক আছে। আগে আগে যাও।

বিদূষক—এবং ভবতু। (উভৌ পরিক্রামতঃ)

বিদূষক—তাই হোক। (উভয়ে হাঁটতে লাগলেন)

পদ্মাবতী—সর্বমাকুলং কর্তুকাম আৰ্যবসন্তকঃ। কিমিদানীং কুর্মঃ?

পদ্মাবতী—আৰ্য বসন্তক সব পণ্ড করতে চাইছেন। এখন আমরা কি করি?

চেটী—ভর্তৃদারিকে! এতাং মধুকরনিলীনাম্ অবলম্বলতাম্ অবধূয় ভর্তারং বারয়িষ্যামি।

পরিচারিকা—দিদিমণি! এই ভ্রমরবসা বলে থাকা লতটাকে নাড়িয়ে প্রভুকে (আসতে)

বাধা দিই।

পদ্মাবতী—এবং কুরু। (চেটী তথা করোতি)

পদ্মাবতী—তাই কর। (পরিচারিকা তাই করল)

বিদূষক—অবিহা, অবিহা! তিষ্ঠতু, তিষ্ঠতু তাবদ্ ভবান্।

বিদূষক—আরে, আরে কি বিপদ! দাঁড়ান, দাঁড়ান আপনি।

রাজা—কিমর্থম্?

রাজা—কিসের জন্য?

বিদূষক—দাস্যাঃ পুত্রৈঃ মধুকরৈঃ পীড়িতোহস্মি।

বিদূষক—বাঁদীর পো মৌমাছিগুলো আমাকে পীড়িত করেছে।

রাজা—মা মা ভবানেবম্। মধুকরসন্ত্রাসঃ পরিহার্যঃ। পশ্য,

মধুমদকলা মধুকরা মদনার্তাভিঃ প্রিয়াভিরূপগূঢ়াঃ।

পাদন্যাসবিষণ্ণা বয়মিব কান্তাবিযুক্তাঃ স্যুঃ।। ৩।। তস্মাদিহৈবাসিষ্যাবহে।

শব্দার্থ—মধুমদকলাঃ (মধুপানের ফলে অব্যক্তমধুর গুঞ্জনকারী), মদন-ঋতাভিঃ (কামপীড়িত) প্রিয়াভিঃ (প্রিয়াগণের দ্বারা) উপগূঢ়াঃ (আলিঙ্গিত) মধুকরাঃ (ভ্রমরেরা) পাদন্যাস-বিষণ্ণাঃ (পদক্ষেপে ত্রস্ত হয়ে) বয়ম্ ইব (আমার মত) কান্তা-বিযুক্তাঃ স্যুঃ (প্রিয়া থেকে বিচ্ছিন্ন হতে পারে)।

রাজা—না, না, তুমি এরকম কোরো না। ভ্রমরদের ত্রাস যেন না ঘটে। দেখ—

ফুলের মধু পান করার ফলে অব্যক্ত মধুর গুঞ্জনকারী ভ্রমরগুলি কামার্ত প্রিয়াদের আলিঙ্গনে আবদ্ধ রয়েছে। (আমাদের) পদক্ষেপে ভীত হয়ে এরা আমারই মত প্রিয়াবিযুক্ত হতে পারে। তাই আমরা দুজনে এখানেই বসি।

বিদূষক—এবং ভবতু। (উভাবুপবিশতঃ)

বিদূষক—তাই হোক। (দুজনে বসল)

চেটী—ভর্তৃদারিকে! রুদ্ধাঃ খলু বয়ম্।

পরিচারিকা—দিদিমণি! আমরা তো আটকা পড়ে গেলাম।

পদ্মাবতী—দিস্ত্যা উপবিস্ত আৰ্যপুত্রঃ।

পদ্মাবতী—ভাগ্য ভাল, স্বামী বসেছেন।

বাসবদন্তা—(আত্মগতম্) দিস্ত্যা প্রকৃতিস্থশরীর আৰ্যপুত্রঃ।

বাসবদন্তা—(মনে মনে) ভাগ্য ভাল, স্বামীর শরীর প্রকৃতিস্থ (সুস্থ) হয়েছে।

চেটী—ভর্তৃদারিকে! সাস্ত্রপাতা খলু আৰ্য্যায়া দৃষ্টিঃ।

পরিচারিকা—দিদিমণি! আৰ্য্যার চোখ দিয়ে দেখি জল পড়ছে।

বাসবদন্তা—এষা খলু মধুকরণাম্ অবিনয়াৎ কাশকুসুমরেণুনা পতিতেন সোদকা মে দৃষ্টিঃ।

বাসবদন্তা—এই যে মৌমাছিগুলোর উৎপাতে চোখে কাশফুলের রেণু পড়ায় চোখে আমার জল এসেছে।

পদ্মাবতী—যুজ্যতে।

পদ্মাবতী—তা হতে পারে।

বিদূষক—ভোঃ! শূন্যং খলু ইয়ং প্রমোদবনম্। প্রষ্টব্যং কিঞ্চিদস্তি। পৃচ্ছামি ভবন্তম্।

বিদূষক—দেখুন, এই প্রমোদবন তো ফাঁকা দেখছি। আমার কিছু জিজ্ঞাসা আছে। আপনাকে জিজ্ঞাসা করবো।

রাজা—ছন্দতঃ।

রাজা—স্বচ্ছন্দে।

বিদূষক—কা ভবতঃ প্রিয়া—তদানীং তত্রভবতী বাসবদন্তা, ইদানীং পদ্মাবতী বা?

বিদূষক—কে আপনার প্রিয়া—তখনকার দেবী বাসবদন্তা, না এখনকার পদ্মাবতী?

রাজা—কিমিদানীং ভবান্ বহুমানসংকটে মাং ন্যস্যতি?

রাজা—তুমি আমাকে এখন এমন আদরের সংকটে ফেলছ কেন?

পদ্মাবতী—হলা! যাদৃশে সংকটে নিক্ষিপ্ত আৰ্যপুত্রঃ।

পদ্মাবতী—দেখ, কেমন সংকটে ফেলা হয়েছে আমার বরকে।

বাসবদন্তা—(আত্মগতম্) অহং চ মন্দভাগা।

বাসবদন্তা—(মনে মনে) আর আমি তো হতভাগিনী।

বিদূষক—স্বৈরং স্বৈরং ভণতু ভবান্। একোপরতা, অপরা অসম্মিহিতা।

বিদূষক—স্বচ্ছন্দে, আপনি স্বচ্ছন্দেই বলুন। একজন মৃত, অন্যজন অনুপস্থিত।

রাজা—বয়স্য! ন খলু ন খলু ক্রয়াম্। ভবাংস্ত মুখরঃ।

রাজা—না বন্ধু! আমি বলবো না। তুমি বড় মুখর (পেটপাতলা)।

পদ্মাবতী—এতাবতা ভণিতমার্যপুত্রেষণ।

পদ্মাবতী—এতেই স্বামীর আমার বলা হয়ে গেছে।

বিদূষক—ভোঃ! সত্যেন শপামি। কস্মা অপি নাখ্যাস্যামি। এষা সন্দপ্তা মে জিহ্বা।

বিদূষক—দেখুন, সত্যের দোহাই। কাউকে আমি বলবো না। এই জিভ কাটলাম।

রাজা—নোৎসহে সখে বক্তুম্।

রাজা—না বন্ধু, আমি বলতে উৎসাহ পাচ্ছি না।

পদ্মাবতী—অহো অস্য পুরোভাগিতা! এতাবতা হৃদয়ং ন জানাতি।

পদ্মাবতী—এর তো দেখছি আচ্ছা নিবুদ্ধিতা। এত কথাতেও (আমার স্বামীর) মন বুঝতে

পারল না!

বিদূষক—কিং ন ভণতি মম? অনাখ্যায় অস্মাৎ শিলাপট্টকায় শক্যমেকপদমপি গন্তুম্।

এষ রুদ্ধোহত্রভবান্।

বিদূষক—কি, আমাকে বলবেন না? না বলে এই শিলাখণ্ড থেকে এক পাও যেতে পারবেন না। এই আটকালাম আপনাকে।

রাজা—কিং বলাৎকারেণ?

রাজা—কি, জোর করে?

বিদূষক—আম্, বলাৎকারেণ।

বিদূষক—হ্যাঁ, জোর করে।

রাজা—তেন হি পশ্যামস্তাবৎ।

রাজা—তাহলে, আমিও দেখব।

বিদূষক—প্রসীদতু, প্রসীদতু ভবান্। বয়স্যভাবেন শাপিতোহসি, যদি সত্যং ন ভণসি।

বিদূষক—প্রসন্ন হোন, প্রসন্ন হোন আপনি। বন্ধুত্বের দিব্যি—যদি সত্যি কথা না বলেন।

রাজা—কা গতিঃ? শ্রয়তাম্—

পদ্মাবতী বহুমতা মম যদ্যপি রূপশীলমাধুর্যেঃ।

বাসবদত্তাবদ্ধং ন তু তাবন্মে মনো হরতি ॥ ৪ ॥ ১০১৯

শব্দার্থ—যদি-অপি (যদিও) রূপ-শীল-মাধুর্যেঃ (রূপে, চরিত্রগুণে ও মাধুর্যে) পদ্মাবতী (পদ্মাবতী) মম (আমার) বহুমতা (প্রিয়, আদরিণী), বাসবদত্তাবদ্ধম্ (বাসবদত্তায় আবদ্ধ) মনঃ (আমার মনকে) তাবৎ তু (তবু কিন্তু) ন হরতি (হরণ করতে পারে নি)।

অনুবাদ—রাজা—তাহলে আর উপায় কি? শোন—

যদিও রূপে, চরিত্রগুণে ও মাধুর্যে পদ্মাবতী আমার আদরের পাত্রী, তবু কিন্তু বাসবদত্তায় আবদ্ধ আমার মনটিকে সে হরণ করতে পারে নি।

বাসবদত্তা—(আত্মগতম্) ভবতু, ভবতু! দত্তং বেতনমস্য পরিখেদস্য। অহো অজ্ঞাত-বাসোহপ্যত্র বহুগুণঃ সম্পাদ্যতে।

বাসবদত্তা—(মনে মনে) বেশ, বেশ! আজ আমার এত কষ্টের পুরস্কার দিলেন (পেয়ে গেলাম) আহা! অজ্ঞাতবাসও দেখছি অনেক গুণের।

চেটী—ভর্তৃদারিকে! অদাক্ষিণ্যঃ খলু ভর্তা।

পরিচারিকা—দিদিমণি! প্রভু দেখছি বড় দাক্ষিণ্যহীন (নিষ্ঠুর বা অনুদার)।

পদ্মাবতী—মা মৈবম্। সদাক্ষিণ্য এবার্যপুত্রঃ, য ইদানীমপি আর্ঘ্যায়া বাসবদত্তায়া গুণান্ স্মরতি।

পদ্মাবতী—না, এরকম বলিস না। আমার স্বামী উদার বলেই এখনো মাননীয়া বাসবদত্তার গুণাবলী স্মরণ করেন।

বাসবদত্তা—ভদ্রে! অভিজনস্য সদৃশং মন্ত্রিতম্।

বাসবদত্তা—দেখ, তুমি (তোমার) উচ্চবংশের যোগ্য কথাই বলেছ।

রাজা—উক্তং ময়া। ভবানিদানীং কথয়তু—কা ভবতঃ প্রিয়া—তদা বাসবদত্তা, ইদানীং পদ্মাবতী বা?

রাজা—আমি তো বললাম। তুমি এবার বল দেখি—কে তোমার প্রিয়—তখনকার বাসবদত্তা, না এখনকার পদ্মাবতী?